



প্রতীতি

প্রতীতির বর্ষবরণ ১৪১৮

সুপ্রিয় সুধী

প্রকৃতির সাথে প্রতীতির রেষারেষি চলছে গত কয়েক সপ্তাহ থেকে। গত ১৬ই এপ্রিল প্রতীতির বর্ষবরণ অনুষ্ঠান হওয়ার কথা ছিল এ্যাশফিল্ড পার্কে, সেইমত সব আয়োজনও আমরা সম্পন্ন করেছিলাম। কিন্তু সারাটা সপ্তাহের মধ্যে মাত্র সেদিনটাই ছিল বরষণ-মুখরিত। মন খারাপ হোলো প্রতীতির সবার, সেই সাথে আপনাদের অনেকের, যারা এ বর্ষবরণ অনুষ্ঠানে আসবেন বলে মনস্থির করে রেখেছিলেন।

যাই হোক, ঠিক হোলো ৩০শে এপ্রিল, শনিবার অনুষ্ঠানটা করবো। আবহাওয়ার পূর্বাভাস দেখে ৩০ তারিখটাও পরিবর্তন করে ঠিক হোলো ১লা মে, রবিবার হবে প্রতীতির বর্ষবরণ অনুষ্ঠান - সেই এ্যাশফিল্ড পার্কে। কিন্তু গত দু'তিনদিন ধরে আমরা সবাই অনবরত আবহাওয়ার পূর্বাভাস দেখতে দেখতে ক্লান্ত হয়ে গেলাম। ঠিক করলাম, মেঘ আর রৌদ্র নিজেরাই লুকোচুরি খেলুক, আমরা আর এর মধ্যে নেই। সবাই মিলে ঠিক করলাম - আর এ্যাশফিল্ড পার্কে নয়, অন্য কোথাও, অন্য কোনোখানে।

এবার আমাদের বর্ষবরণ অনুষ্ঠানটি হচ্ছে:

১লা মে, রবিবার, সকাল ১০:০০টা

পরিবর্তিত স্থান: ব্ল্যাকটাউন সাউথ পাবলিক স্কুল

183 Flushcombe Road Blacktown 2148

প্রতীতির নিয়মানুযায়ী আমরা ঠিক ১০:০০টায়ই অনুষ্ঠান শুরু করবো। আপনারা দয়া করে এর আগেই চলে আসুন, পিঠা-পুলি আর গরম এক কাপ চা খেয়ে তবেই না হয় মিলনায়তনে ঢুকে পড়ুন। আগের ঘোষণা অনুযায়ী শিশুদের, কিশোর-কিশোরী আর বড়দের **সেরা বাঙালি সাজের** জন্য রয়েছে পুরস্কার। আর রয়েছে নানারকম মুখরোচক খাবারের আয়োজন। অনুষ্ঠানে থাকছে **পঞ্চকবির গান**, **কবিতা পাঠের আসর** আর **শেষে রয়েছে জাগরণের গান**। আসুন না, সবাই মিলে আনন্দে মেতে উঠি, নতুন বছরকে স্বাগত জানাই সমস্বরে, ভোরের প্রকৃতিকে মাতিয়ে তুলি উৎসবের আবাহনে।

শ্রদ্ধাসহ



প্রতীতি

যোগাযোগ:

সিরাজুস সালেদিন: ০৪২১ ০৪০ ৫৪০

রাফিউল ইসলাম বনি: ০৪২৫ ২৮৬ ৯৩৬

আবদুল ফারুক: ০৪১২ ০০৮ ০১৬

সাজ্জাদুল আনাম চৌধুরী বাপ্পী: ০৪৩৪ ৫৮৭ ৮১৯

মেহেদী হাসান সজল: ০৪৩১ ৩৯ ৮১১